নতুন সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ
গ্রুপ শিশু পরিচর্যা প্রদানকারীদের কি জানা উচিত

নতুন ফেডেরাল এবং স্টেট আইন অনুযায়ী শিশু পরিচর্যা প্রকল্পে কর্মরত সমস্ত পরিষেবা প্রদানকারী, কর্মচারী এবং স্বেচ্ছাসেবীদের প্রথমে 30 সেপ্টেম্বর, 2020 তারিখে এবং তারপর আবার প্রত্যেক পাঁচ বছরে অন্তত একবার নতুন সম্পূর্ণ বিবরণ যাচাইকরণ পূরণ করতে হবে।

1. সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের মধ্যে কি অন্তর্ভুক্ত রয়েছে?

- ফৌজদারি বিচার পরিষেবা বিভাগের (Division of Criminal Justice Services) সাথে নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS) ফৌজদারি ইতিহাসের নথিপত্রাদি যাচাইকরণ
- ফেডেরাল বিউরো অফ ইনভেস্টিগেশনের (Federal Bureau of Investigation, FBI) সাথে জাতীয় ফৌজদারি রেকর্ড যাচাইকরণ
- জাতীয় অপরাধ এবং তথ্য কেন্দ্রের (National Crime and Information Center)সাথে জাতীয় যৌন অপরাধ রেজিস্ট্রি (National Sex Offender Registry) যাচাইকরণ
- নিউ ইয়র্ক স্টেট যৌন অপরাধ রেজিস্ট্রি যাচাইকরণ
- নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিশু নির্যাতন এবং অপব্যবহারের কেন্দ্রীয় রেজিস্টার (SCR)যাচাইকরণ
- নিউ ইয়র্ক স্টেট বিচার কেন্দ্র কর্মী বর্জন তালিকা (SEL) যাচাইকরণ

  শেষ পাঁচ বছরের মধ্যে যে কোনও সময়ে নিউ ইয়র্ক স্টেটের বাইরে বসবসাকারী ব্যক্তিদের জন্য সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
  - আবাসনের অবস্থান(গুলির) জন্য ফৌজদারি ইতিহাসের সংগ্রহ
  - আবাসনের অবস্থান (গুলির) জন্য যৌন অপব্যবহার রেজিস্ট্রি
  - আবাসনের অবস্থান (গুলির) জন্য শিশু নির্যাতন অথবা উপেক্ষা সংগ্রহ

2. সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের জন্য প্রকল্প এবং ব্যক্তিদেরকে কি করতে হবে?

- গ্রুপ শিশু পরিচর্যা কর্মসূচী নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের কেন্দ্রীয় অনুমোদন ইউনিট (Central Clearance Unit, CCU)-তে নিম্নলিখিত ফর্মগুলি জমা দিতে হবে:
  - শিশু পরিচর্যা প্রদানকারী, কর্মচারী এবং স্বেচ্ছাসেবকের তথ্য (ফর্ম A1)
  - কর্মচারী বর্জন তালিকা যাচাইকরণের অনুরোধ (ফর্ম A2)

  ফর্মগুলি CCU@health.nyc.gov -এ ইমেল করা যেতে পারে অথবা 347-396-8052 নম্বরে ফ্যাক্স করা যেতে পারে। *অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে আপনার সিকিউরিটি সেটিংসের ভিত্তিতে ইমেল সুরক্ষিত নাও থাকতে পারে।*

- গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পকে স্টেটওয়াইড সেন্ট্রাল রেজিস্টার (SCR) ডেটাবেস চেক ফর্ম (LDSS-3370) সম্পূর্ণ করতে হবে এবং স্টেট জুড়ে শিশু নির্যাতন এবং অপব্যবহারের কেন্দ্রীয় রেজিস্টার ফর্মের মধ্যে তথ্যটি অন্তর্ভুক্ত করতে হবে।

- তথ্য দেওয়ার সময় অনুগ্রহ করে চাইল্ড কেয়ার ফেসিলিটি সিস্টেম (Child Care Facility System, CCFS)-এর পরিবর্তে আপনার প্রকল্পের পার্মিট নম্বর এবং ডে কেয়ার আইডেন্টিফিকেশন (Day Care Identification, DCID) নম্বর প্রদান করুন।
- SCR ফর্মগুলি কেন্দ্রীয় অনুমোদন ইউনিট (Central Clearance Unit, CCU)-তে জমা করার প্রয়োজন নেই।
- ক্রেডিট কার্ডের মাধ্যমে অনলাইনে করা করা যেতে পারে: অন্যথা, মানি অর্ডার এবং ব্যাঙ্ক চেক (কোনও পার্সোনাল চেক নয়) অবশ্যই সরাসরি এখানে জমা করতে হবে:

  NYS Office of Children and Family Services Bureau of Financial Operations
  52 Washington Street, Rm 204S
  Rensselaer, NY 12144

▪ আঙুলের ছাপ নেওয়া
- **NYC তদন্ত বিভাগ (NYC Department of Investigations, DOI)** দ্বারা সন্দেহমুক্ত ব্যক্তিদের ফিঙ্গারপ্রিন্টি আইডেন্টিফিকেশন অ্যান্ড অথোরাইজেশন (Fingerprinting Identification and Authorization, FPIA) ফর্মের দুটি প্রতিলিপি তৈরি করতে হবে এবং নিযুক্তির সময় DOI-এ তিনটি প্রতিলিপি (মূল এবং দুটি প্রতিলিপি) অবশ্যই জমা করতে হবে।
- **NYC শিক্ষা বিভাগ (NYC Department of Education, DOE)** দ্বারা অনুমোদিত ব্যক্তিদের ক্ষেত্রে তাদের প্রকল্পকে তাদের পার্সোনাল এলিজিবিলিটি ট্র্যাকিং সিস্টেম (Personnel Eligibility Tracking System, PETS) রেজিস্টারে তাদেরকে যোগ করতে হবে। এর ফলে একটি মনোনয়ন পত্র তৈরি হবে যাতে ব্যক্তিকে যে কাজগুলি সম্পূর্ণ করতে হবে তা উল্লেখ থাকবে এবং এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ব্যক্তিগত বিবরণের প্রশ্নপত্র এবং আঙুলের ছাপ নেওয়ার জন্য 65 Court Street, Brooklyn, New York, 11201-এ সাক্ষাৎ।
- **NYC স্বাস্থ্য বিভাগের (NYC Health Department) অফিসে আঙুলের ছাপ নেওয়া হয় না।**

3. বিদ্যমান এবং নতুন কর্মচারী সহ সমস্ত কর্মচারীকে কি এই সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ সম্পূর্ণ করতে হবে?

হ্যাঁ, সমস্ত কর্মচারীকে নতুন সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের মাধ্যমে অনুমোদিত হতে হবে। 1লা অক্টোবর, 2019 তারিখের আগে অনুমোদিত বিদ্যমান কর্মচারীদেরকে 30শে সেপ্টেম্বর, 2020 তারিখের মধ্যে সম্পূর্ণভাবে অনুমোদিত হতে হবে এবং নতুন কর্মী কাজ আরম্ভ অথবা স্বেচ্ছাসেবা করার আগেই অনুমোদিত হতে হবে (প্রশ্ন #4 এবং #5 দেখুন)।

4. সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের মাধ্যমে অনুমোদিত হওয়ার সময় বিদ্যমান কর্মচারী কী অব্যাহতভাবে কাজ করতে পারবেন?

হ্যাঁ। 1লা অক্টোবর, 2019 তারিখের আগে অনুমোদিত পরিষেবা প্রদানকারী, কর্মচারী এবং স্বেচ্ছাসেবীগণ 30শে সেপ্টেম্বর, 2020 তারিখ পর্যন্ত তাদের বর্তমান প্রকল্পে অব্যাহতভাবে কাজ করতে পারবেন। NYC স্বাস্থ্য বিভাগ বাস্তবায়ন সময়সূচি লভ্য হওয়ার সময় এই ব্যাপারে আরও পরামর্শ প্রদান করবে। সেই সময় পর্যন্ত প্রকল্পের A-সিরিজ প্যাকেট জমা করা এবং বিদ্যমান কর্মচারী এবং স্বেচ্ছাসেবীদের জন্য নতুন অনুমোদনের অনুরোধ স্থগিত রাখা উচিত।

5. সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ চলাকালীন নতুন কর্মচারী অথবা স্বেচ্ছাসেবী কী কাজ করতে পারেন?

না। ব্যক্তি কাজ করা আরম্ভ করার আগে, প্রকল্পকে NYC স্বাস্থ্য বিভাগ থেকে লিখিত বিজ্ঞপ্তি পেতে হবে যে নতুন কর্মচারী অথবা স্বেচ্ছাসেবী অনুমোদনের প্রক্রিয়া সম্পূর্ণ করেছে এবং কাজ করার জন্য যোগ্য।

6. সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের ফলাফল সম্পর্কে গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পকে কিভাবে জানানো হবে?

প্রত্যেকটি কর্মচারী অথবা স্বেচ্ছাসেবীর জন্য একটি চূড়ান্ত সিদ্ধান্ত-পত্র গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পে ইমেল করা হবে এবং এর মধ্যে নির্দেশিত থাকবে যে ব্যক্তিটি কাজ করার জন্য অনুমোদিত কিনা। যেহেতু এই পত্রগুলি ইমেল করা হবে তাই প্রকল্পের নেতৃত্বের দ্বারা নিয়মিতভাবে পর্যবেক্ষিত বৈধ ইমেল অ্যাড্রেস অবশ্যই থাকতে হবে। আপনার প্রকল্পের ইমেল অ্যাড্রেস পরিবর্তন হলে আপনার বরো অফিসকে অবশ্যই জানানো উচিত।

বিজ্ঞপ্তি পত্রগুলি ফাইলে রাখবেন; NYC স্বাস্থ্য বিভাগ দ্বারা অনুরোধ করা হলে এগুলি লভ্য থাকতে হবে।

7. কাজ করার জন্য শর্তসাপেক্ষ অনুমোদন কি?

একজন ব্যক্তি ফেডেরাল এবং স্টেটের অনুমোদন প্রয়োজনগুলি পূরণ করে থাকলে কিন্তু এখনও আউট-অফ-স্টেট অনুমোদন সম্পূর্ণ না করে থাকলে শর্তসাপেক্ষ অনুমোদন প্রদান করা হবে (প্রশ্ন #1 দেখুন)। যে ব্যক্তিগণ ফর্ম A1-তে নির্দেশ করবে যে তারা এখন অথবা শেষ পাঁচ বছরের মধ্যে কোনও সময় নিউ ইয়র্ক বাদে অন্য কোনও স্টেটে থেকেছেন তাহলে তিনি কাজ করার শর্তসাপেক্ষ অনুমোদন পেতে পারেন। গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পকে শর্তসাপেক্ষ অনুমোদন পত্র ইমেল করা হবে; একবার আপনার স্টেটের বাইরের অনুমোদন সম্পূর্ণ হয়ে গেলে চূড়ান্ত নির্ধারণ পত্রগুলি ইমেল করা হবে।

শর্তসাপেক্ষ অনুমোদন-প্রাপ্ত কর্মচারীদেরকে পর্যবেক্ষণ-বিহীনভাবে বাচ্চাদের সঙ্গে ছাড়া যাবে না।

8. যদি কোনও ব্যক্তি শেষ বছরের মধ্যে কিছু সময় দেশের বাইরে ব্যয় করে থাকেন তাহলে কিভাবে সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণের ব্যবস্থা করা হবে?

অন্যান্য দেশের মধ্যে ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ করার কোনও প্রয়োজন নেই। অতএব, সমস্ত অন্যান্য অনুমোদন প্রয়োজনগুলি প্রযোজ্য হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে স্টেটের বাইরের অনুমোদনগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রসমূহ এবং অঞ্চলসমূহে প্রযোজ্য হবে - ডিস্ট্রিক্ট অফ কলাম্বিয়া, মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন আইল্যান্ড, গুয়াম, কমনওয়েল্থ অফ নর্দার্ন মেরিনা আইল্যান্ডস, অ্যামেরিকান সামোয়া এবং পুয়ের্তো রিকো।

9. যদি কর্মচারী একটির চেয়ে বেশি গ্রুপ শিশু পরিচর্যা প্রকল্পে কাজ করেন, তাহলে কি সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ প্রত্যেক কর্মস্থলের জন্য সম্পূর্ণ করার প্রয়োজন আছে?

একবার একজন ব্যক্তি সফলভাবে সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ পূরণ করে একটি অনুমোদন পত্র গ্রহণ করলে তাহলে তাদের অন্য একটি শিশু পরিচর্যা প্রকল্পে কাজ করার জন্য আবার আঙুলের ছাপ নিতে হবে না; অতএব, নিযুক্তি প্রকল্পকেক অবশ্যই ছাড়ের অনুরোধ ফর্ম (ফর্ম A3) জমা করতে হবে এবং প্রত্যেকটি অতিরিক্ত কর্মস্থলের জন্য নিউ ইয়র্ক স্টেট জুড়ে শিশু নির্যাতন এবং অপব্যবহারের কেন্দ্রীয় রেজিস্টার (SCR)এবং নিউ ইয়র্ক স্টেট বিচার কেন্দ্র কর্মী বর্জন তালিকা (Staff Exclusion List, SEL) পুনরায় সম্পূর্ণ করতে হবে। যদি পরিষেবায় কোনও বিরতি 180 দিনের বেশি সময় পর্যন্ত থাকে তাহলে পুনরায় আঙুলের ছাপ সহ সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ করতে হবে।

10. ফৌজদারি ইতিহাসের কারণে কর্মসূচীতে কাজ করার থেকে বর্জনের সিদ্ধান্তের বিরুদ্ধে কি একজন ব্যক্তি আপত্তি জানাতে পারেন?

হ্যাঁ। যদি একজন ব্যক্তিকে অনুমোদন না প্রদান করা হয় এবং এমন একটি রেকর্ড আছে যার মধ্যে অটোম্যাটিক অযোগ্যকরণ অপরাধ অন্তর্ভুক্ত নয় তাহলে তিনি সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন জানাতে পারেন। ব্যক্তিকে সিদ্ধান্তের পত্রে এই অধিকার এবং আপত্তি জানানোর প্রক্রিয়ার ব্যাপারে জানানো হবে।

11. আমি সম্পূর্ণ ব্যক্তিগত বিবরণ যাচাইকরণ সম্পর্কে আরও তথ্য কিভাবে পাব?

আরও তথ্যের জন্য অথবা অনুমোদন প্রক্রিয়ার সাথে যে কোনও সমস্যার জন্য অনুগ্রহ করে আপনার বরো অফিসের সঙ্গে যোগাযোগ করুন। আপনি NYC স্বাস্থ্য বিভাগের কেন্দ্রীয় অনুমোদন ইউনিট -এর সঙ্গে CCU@health.nyc.gov-এ যোগযোগ করতে পারেন।